যুগান্তর

তারিখ 18 FEB 2018
পৃষ্ঠা 2 কলাম 6

২১তম সমাবর্তন

# উৎসবমুখর নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়

**যুগান্তর রিপোর্ট**

বিপুল উৎসাহ-উদ্দীপনা ও উৎসবমুখর পরিবেশে শনিবার নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ২১তম সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের বসুন্ধরার স্থায়ী ক্যাম্পাস সাজানো হয়েছিল বর্ণাঢ্য সাজে। বিশ্ববিদ্যালয় জীবনের শ্রেষ্ঠ দিনটি স্মরণীয় করে রাখতে ছাত্রছাত্রীরাও বর্ণিল সাজে সেজেছিল।

বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সমাবর্তনে সভাপতিত্ব করেন। রসায়নে নোবেল বিজয়ী বিজ্ঞানী ড. মার্টিন শেলফি এতে সমাবর্তন বক্তা হিসেবে ছাত্রছাত্রীদের উদ্দেশে বক্তৃতা করেন। এ বিজ্ঞানীর আগমনে দারুণ উদ্বেলিত ছিলেন নবীন গ্রাজুয়েটরা। যুক্তরাজ্যের কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের এ অধ্যাপকও ছাত্রছাত্রীদের উদ্দেশে প্রাণখোলা বক্তৃতা করেন। বিজ্ঞানী ড. মার্টিন শেলফি নিজের জীবনের চড়াই-উৎরাইয়ের উৎসাহব্যঞ্জক তথ্য তুলে ধরে বলেন, আমার বাবা স্কুলের গণ্ডি পার হতে পারেননি। টিউশন ফি'র অভাবে মা কলেজের গণ্ডি পার হতে পারেননি। আমার প্রবল ইচ্ছা ছিল বিজ্ঞানী হওয়ার। আমার চেষ্টা ব্যর্থ হওয়ার পর এক সহকর্মী আমাকে আবার গবেষণার সুযোগ করে দেন। পরে আমি সফল হয়েছি। হাল ছেড়ে দিলে চলবে না। ড. শেলফি ২০০৮ সালে রসায়ন বিভাগে গ্রিন ফ্লোরসেন্ট প্রোটিন বিষয়ে নোবেল পুরস্কার অর্জন করেন।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো বাংলাদেশে উচ্চশিক্ষায় নতুন মাত্রা যোগ করেছে। বাংলাদেশে উচ্চশিক্ষার প্রত্যাশিত মান নিশ্চিতকরণে ও উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বিশ্বমানে উন্নীত করার লক্ষ্যে সরকার গুরুত্ব দিয়ে এ সেক্টর তদারকি করছে। টিউশন ফি, ভর্তিসহ সব ব্যয় সহনীয় পর্যায়ে রাখতে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রতি আহ্বান জানান। এ সময় স্থায়ী ক্যাম্পাসে যেতে ব্যর্থ বিশ্ববিদ্যালয়গুলোর উদ্দেশে হুঁশিয়ারি উচ্চারণ করেছেন তিনি। সমাবর্তনে বক্তব্য রাখেন নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের (বিওটি) চেয়ারম্যান মোহাম্মদ শাহজান, ভিসি অধ্যাপক আতিকুল ইসলাম, প্রোভিসি অধ্যাপক জিইউ আহসানসহ বিওটি সদস্য, শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

সমাবর্তনে ২৮০০ শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি প্রদান করা হয়। শিক্ষামন্ত্রী দু'জন কৃতী শিক্ষার্থীকে চ্যান্সেলর স্বর্ণপদক এবং ৮ জনকে ভাইস চ্যান্সেলর স্বর্ণপদক প্রদান করেন।